


কালের কণ্ঠ

আপডেট : ১৩ মে, ২০১৮ ২৩:৫৯

বসুন্ধরা খাতা-কালের কণ্ঠ জাতীয় স্কুল বিতর্ক প্রতিযোগিতা

মাগুরায় বিজয়ী সরকারি বালক উচ্চ বিদ্যালয়

 মাগুরায় বিজয়ী সরকারি বালক উচ্চ বিদ্যালয়

বসুন্ধরা খাতা-কালের কণ্ঠ জাতীয় স্কুল বিতর্ক প্রতিযোগিতায় গতকাল রবিবার মাগুরা জেলায় বিজয়ী হয়েছে সরকারি বালক উচ্চ বিদ্যালয়। কালের কণ্ঠ'র শুভসংঘ আয়োজিত এই বিতর্ক প্রতিযোগিতার পৃষ্ঠপোষকতা করছে বসুন্ধরা খাতা।

‘যুক্তিতে আলোকিত হও’ স্লোগান নিয়ে গতকাল মাগুরা সরকারি বালক উচ্চ বিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত হয় বিতর্ক প্রতিযোগিতা। ফাইনালে শ্রীপুর আমতৈল মাধ্যমিক বিদ্যালয়কে হারিয়ে চ্যাম্পিয়ন হয় মাগুরা সরকারি বালক উচ্চ বিদ্যালয়। শ্রেষ্ঠ তর্কিক নির্বাচিত হয় শ্রীপুর আমতৈল মাধ্যমিক বিদ্যালয়ের আদর মোল্যা।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাগুরা জেলা পরিষদ চেয়ারম্যান পঞ্চজ কুণ্ডু। সভাপতিত্ব করেন স্কুলের প্রধান শিক্ষক জিয়াউল হাসান। উপস্থিত ছিলেন শুভসংঘের সভাপতি পরেশ কান্তি সাহা, সাধারণ সম্পাদক কাজী নাজমুল হাসান পুটো, কলেজ শিক্ষক দেলোয়ার হোসেন, অ্যাডভোকেট মোখলেছুর রহমান, সাংবাদিক খান রকিবুল হক দিপু, কবি এম মনিরুজ্জামান প্রমুখ।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com